জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

নং ২০.০৭.০০০০.০০৬.০১.৩৬৭.১৯- ৯৮

তারিখ : ০৪ ফাল্গুন ২০২২
১৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: নন ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সান্ধ্যকালীন অনলাইনে আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত নন ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ১৬তম ব্যাচ আগামী ২২ মে – ২১ জুলাই ২০২২ অনলাইনে অনুষ্ঠিত হবে। মনোনয়নের সুবিধার্থে কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:

(১) কোর্সের উদ্দেশ্য : ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের ননক্যাডার কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের কল্যাণে নিবেদিতপ্রাণ কর্মী হিসেবে গড়ে তোলা।

(২) প্রশিক্ষণার্থীর পর্যায় : বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ /অধিদপ্তর /স্বায়ত্তশাসিত সংস্থার ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা।

(৩) পাঠ্যক্রম ফি : অনলাইনে ভ্যাট ও আইটি ব্যতীত জনপ্রতি ৬০,০০০.০০/-(ষাট হাজার) টাকা মাত্র। অনলাইন কোর্সফি'র মধ্যে কোর্সের বই, ইন্টারনেট ডাটা এলাউন্সসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ অন্তর্ভুক্ত। কোর্স শুরুর পূর্বে এনএপিডি থেকে প্রদত্ত প্রকৃত বিল অনুযায়ী কোর্স ফি 'মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' বরাবর নগদ অথবা ক্রসড্ চেক এর মাধ্যমে প্রদেয়।

(৪) পাঠ্যসূচি : কোর্সে ০৬টি ক্ষেত্রে নিম্নোক্ত মোট ২০টি মডিউলের আওতায় আনুমানিক অনলাইনে ২২৫টি সেশন পরিচালনা করা হবেঃ

| Major Area | Module |
|---|---|
| a) Bangladesh studies | Module-1: Introducing Bangladesh |
| b) Public administration | Module-2: Constitution and Government System |
| | Module-3: Leadership and Change Management |
| | Module-4: Local government and Public Management |
| | Module-5: Ethics and Etiquette |
| c) Management process | Module-6: Human Resource Management |
| | Module-7: Office Management and Service Rules |
| | Module-8: Financial Rules and Procedures |
| d) development studies | Module-9: Basics of Economics |
| | Module-10: Development Planning and Project Management |
| | Module-11: Research Methodology |
| | Module-12: Globalization |
| | Module-13: Sustainable Development and Environment |
| | Module-14: Gender and Child Rights |
| e) Skill development | Module-15: English Language Skills |
| | Module-16: Information and Communication Technology (ICT) |
| | Module-17: Book Review |
| f) Relevant Modules | Module-18: Extension Lectures |
| | Module-19: Syndicate Work / Exercise |
| | Module-20: Term Paper / Assignment |

(৫) পাঠ্যক্রমের মেয়াদ : ২২ মে – ২১ জুলাই ২০২২ (৬০ দিন)।

(৬) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ৩০ জন

(৭) মনোনয়নের শেষ তারিখ : ১৬ মে ২০২২

E:\All Course\Regular Day\Non Cadre\16\Nomination Letter Online.Doc

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রঃ ও চঃ) এর দপ্তর
অতিরিক্ত সচিব (প্রঃ ও চঃ)

(৮) পাঠ্যক্রমের প্রকৃতি : অনাবাসিক এবং অনলাইন (সন্ধ্যা ০৬:০০ থেকে রাত ০৯:০০ ঘটিকা)।

(৯) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী শিক্ষানবিস কাল ০২ (দুই) বছর, কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত আরও এক বছরসহ *তিন বছরের মধ্যে বুনিয়াদি প্রশিক্ষণসহ প্রযোজ্য সকল প্রশিক্ষণ সমাপ্ত করে চাকুরীতে স্থায়ীকরণের বাধ্যবাধকতা রয়েছে।* চাকুরীতে স্থায়ী না হলে /স্থায়ীকরণ শর্ত পূরণ ব্যতিত উচ্চ শিক্ষা, পদোন্নতিসহ সংশ্লিষ্ট আর্থিক সুবিধা প্রদানের সুযোগ থাকে না। এছাড়া চাকুরী স্থায়ী না হলে পেনশন প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হয়। এজন্য বুনিয়াদি প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যেমন উপকৃত হবে, তেমনি প্রশিক্ষণার্থীগণও উপকৃত হবেন।

(১০) কোর্স ফি'র অর্থ থেকে প্রত্যেক প্রশিক্ষণার্থী অনলাইন কোর্সের ক্ষেত্রে *১০,০০০.০০ (দশ হাজার)* টাকা আনুষঙ্গিক খরচ (বই, কিট, ইন্টারনেট ইত্যাদি) বাবদ পাবেন।

(১১) উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন একাডেমির মহাপরিচালক কিংবা নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করা যাবে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়ক জনাব তৌহিদুর রহমান চৌধুরী, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা) (মোবাইল: ০১৭১৬-৫৫০৮৫৫, ই-মেইল: thouhidchowdhury65@gmail.com) এবং মোছা: লিপিয়া খাতুন, মূল্যায়ন কর্মকর্তা (মোবাইল: ০১৮১৬-২৬৪০৪৭, ইমেইল: lipia2110@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মকর্তাগণের নাম, পদবী, কর্মস্থলের ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল ইত্যাদি উল্লেখ করতে হবে যাতে প্রয়োজনবোধে মনোনীত কর্মকর্তা/ কর্মকর্তাগণের সাথে একাডেমির পক্ষ থেকে সরাসরি যোগাযোগ করা সম্ভব হয়।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবী, কর্মস্থল | ফোন নম্বর | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | | |

১৭/২/২০২২
(ড. মো: নুরুজ্জামান)
পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ও
কোর্স পরিচালক
নন ক্যাডার বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স
মোবাইল: ০১৭৩০-০৯২১৭৯
ফোনঃ ৫৮৬১১২৫৯
ফ্যাক্সঃ ৫৮৬১৫৬৯৫

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা

নং-১৫.০০.০০০০.০১৮.২৫.০০১.২১.৬০

তারিখ: ০৬/০৩/২০২২ খ্রি.

উপর্যুক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক মন্ত্রণালয়ের প্রার্থীদের আবেদন ২৮/০৪/২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর এবং অধীনস্থ দপ্তর/সংস্থার অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের মনোনয়ন সরাসরি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬/৩/২০২২
(মোহাম্মদ গোলাম আজম)
উপসচিব
ফোন-৯৫৪৫০৮২

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা/প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর/ মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/মহাপরিচালক, বাংলাদেশ বেতার/মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/ প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট/মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট/ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন/চেয়ারম্যান, বাংলাদেশ প্রেস কাউন্সিল/সচিব, তথ্য কমিশন/ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।
২. মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সহকারী সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।